**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-12-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উত্তর পূর্বাঞ্চলের বিকাশ ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি হলে এই অঞ্চল দক্ষিণ পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠবে।**

**(২) পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, সড়ক দুর্ঘটনার হার কমিয়ে আনার জন্য রাজ্যের সব জেলায় সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা হবে।**

**(৩) ভারত ও নিউজিল্যান্ড ঐতিহাসিক, উচ্চাকাঙ্ক্ষী এবং পারস্পরিকভাবে উপকারী মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেছে ।**

**(৪) উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ আজ বলেছেন যে দেশ ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে সরকারি কর্মচারীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।**

*****************************************

**Task Force Meeting–CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উত্তর পূর্বাঞ্চলের বিকাশ ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি হলে এই অঞ্চল দক্ষিণ পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠবে। উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে পরিকাঠামো এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে গঠিত উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্সের ভার্চুয়ালভাবে অনুষ্ঠিত তৃতীয় বৈঠকে তিনি আজ একথা বলেন। কেন্দ্রীয় উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন (ডোনার) মন্ত্রক অর্থাৎ ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া ভার্চুয়ালভাবে আয়োজিত এই বৈঠকে পৌরহিত্য করেন। বৈঠকে অংশ গ্রহণ করেন মিজোরামের মুখ্যমন্ত্রী লালদুহমা সহ ডোনার মন্ত্রক এবং উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির পদস্থ আধিকারিকগণ।

বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির অগ্রগতি ও উন্নয়নের ব্যাপক সম্ভাবনা রয়েছে। তবে পরিকাঠামো ও যোগাযোগ ব্যবস্থার সমস্যা এই অঞ্চলের উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে প্রধান অন্তরায়। এই উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্সকে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির সড়ক, রেল, বিমান যোগাযোগ, জলপথ, বিদ্যুৎ, গ্যাস এবং ডিজিটাল সংযোগের সমস্যাগুলি পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। বৈঠকে মুখ্যমন্ত্রী উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে পরিকাঠামো ও যোগাযোগ ব্যবস্থার বিকাশে টাস্ক ফোর্সের প্রস্তাবিত কৌশলগত একটি বিস্তৃত রূপরেখা উপস্থাপন করেন। তিনি বলেন, এই রূপরেখা এই অঞ্চলের বর্তমান পরিকাঠামো, প্রতিবন্ধকতাগুলি চিহ্নিতকরণ সহ ভবিষ্যতের কথা বিবেচনা করে তৈরী করা হয়েছে। বৈঠকে আলোচনায় মুখ্যমন্ত্রী উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়নে অগ্রাধিকারের ক্ষেত্রগুলির চিহ্নিতকরণ, রিজিওন্যাল ইনফ্রাস্ট্রাকচার ম্যাক্রো-গ্রিড, বিদ্যুৎ, তেল, প্রাকৃতিক গ্যাস, পর্যটন, সীমান্ত বাণিজ্যের স্থান ইত্যাদি সম্ভাবনাময় ক্ষেত্রগুলির উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন।

PTO



**Task Force Meeting-CM-2 :** 22-12-2025

বৈঠকে মুখ্যমন্ত্রী কালাদান মাল্টিমডেল ট্রানজিট ট্রান্সপোর্ট প্রকল্পটি কার্যকর করা, ভারত এবং প্রতিবেশি রাষ্ট্রগুলির সাথে উত্তর পূর্বাঞ্চলের সংযোগকারী মাল্টিমডেল করিডোরগুলিকে শক্তিশালী করার গুরুত্ব আরোপ করেন। সুসংহত লজিস্টিক্স হাব, পণ্য পরিবাহী রেল, সমন্বিত শক্তি এবং ডিজিটাল পরিকাঠামোর মাধ্যমে এই অঞ্চলকে বঙ্গোপসাগর এবং আশিয়ান দেশগুলির প্রবেশদ্বার হিসেবে গড়ে তোলার বিষয়ে গুরুত্বারোপ করেন। তাছাড়া অ্যাক্ট ইষ্ট পলিসির সাথে সামঞ্জস্য রেখে স্মার্ট ডিজিটাল ও উন্নত পরিকাঠামোর মাধ্যমে আশিয়ান দেশগুলির সঙ্গে সংযোগ স্থাপন, স্বল্প, মাঝারি ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণের উপর জোর দেন।

বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া টাস্ক ফোর্সের উপস্থাপিত এই প্রতিবেদনের ক্ষেত্রে বিস্তৃত প্রস্তুতি, সমন্বিত পরিকল্পনা এবং দুরদর্শিতার জন্য মুখ্যমন্ত্রী ডা: সাহা এবং রাজ্য সরকারের ভূয়সী প্রশংসা করেন।

*****************************

**Transport Minister :**

পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন, সড়ক দুর্ঘটনার হার কমিয়ে আনার জন্য রাজ্যের সব জেলায় সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করা হবে। আজ সচিবালয়ে রাজ্য সড়ক নিরাপত্তা পরিষদের ১৭তম সভায় রাজ্যের সড়ক দুর্ঘটনার সাম্প্রতিক তথ্য এবং জেলা সড়ক নিরাপত্তা পরিষদের গৃহীত ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করতে গিয়ে তিনি একথা বলেন। সড়ক দুর্ঘটনার ক্ষেত্রে দেশের শীর্ষ আদালতের নীতি নির্দেশিকা রূপায়ণ, নগদহীন চিকিৎসা পরিষেবা কার্যক্রম এবং কেন্দ্রীয় সরকারের নির্দেশিকা অনুসারে একমাসব্যাপী জাতীয় সড়ক নিরাপত্তা মাস উদযাপনের বিষয়সমূহ নিয়ে আজকের বৈঠকে বিস্তারিত আলোচনা করা হয়।

বৈঠকে পরিবহণমন্ত্রী জাতীয় সড়ক নির্মাণের ক্ষেত্রে গুণগতমান বজায় রাখা, পথচারীদের জন্য নির্দিষ্ট জোন, ফুটপাথ তৈরি করা এবং যথাযথ নিকাশি ব্যবস্থা চালু রাখার জন্য বৈঠকে উপস্থিত এন.এইচ.আই.ডি.সি.এল.-এর কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে তিনি কেন্দ্রীয় সড়ক পরিবহণমন্ত্রী নীতিন গড়করির কাছেও চিঠি দেবেন বলে বৈঠকে উল্লেখ করেন।

সড়ক নিরাপত্তা, ক্রেতা সুরক্ষা এবং নেশার বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্কুল এবং কলেজস্তরের ছাত্রছাত্রীদের নিয়ে এবছরও 'জাগৃতি' শীর্ষক এক কর্মসূচি রাজ্যে আয়োজন করা হবে বলে তিনি জানান।

বৈঠকে পথ দুর্ঘটনা হ্রাস করার ক্ষেত্রে জনসচেতনতার পাশাপাশি আইনি নজরদারি ব্যবস্থা কঠোর করা এবং জরিমানা আদায় সহ ড্রাইভিং লাইসেন্স সাসপেন্ড করার বিষয় নিয়েও আলোচনা হয়। রোড সেফটি কাউন্সিলের

আজকের বৈঠকে রাজ্যের ৮ জেলার জেলাশাসক এবং পুলিশ সুপারগণ ভার্চুয়ালভাবে অংশগ্রহণ করেন।

****************************

**Holiday of Schools :**

আগামী বছর বিদ্যালয়গুলিতে ছুটির দিনের বিজ্ঞপ্তি জারি করেছে বিদ্যালয় শিক্ষা দপ্তর। আজ দপ্তরের অতিরিক্ত সচিব নৃপেন্দ্র চন্দ্র শর্মা বিজ্ঞপ্তিতে জানান, আগামী বছর ৫৯ দিন বিদ্যালয়গুলিতে ছুটি থাকবে। এছাড়া খারাপ আবহাওয়া, জাতীয় বিপর্যয় হলে আরও দুদিন ছুটি ঘোষণা করতে পারবেন জেলা শিক্ষা আধিকারিক বা বিদ্যালয় পরিদর্শকগণ। আগামী বছর বিদ্যালয়ে গ্রীস্মের ছুটি চলবে ১৮ই মে থেকে ৮ই জুন পর্যন্ত। এছাড়া ১৭ই অক্টোবর থেকে ২৬শে অক্টোবর পর্যন্ত পুজার ছুটি থাকবে।

***************************

**CM-Ramkrishna Mission :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আমতলির বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মিশনে রোটারি ক্লাব অফ ত্রিপুরার প্রদান করা ভ্রাম্যমান ডেন্টাল ক্লিনিক ভ্যানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, রামকৃষ্ণ মিশন রাজ্যের জন্য একটি মর্যাদাপূর্ণ প্রতিষ্ঠান। তিনি বলেন, শৃঙ্খলার পাশাপাশি, এই প্রতিষ্ঠান ভারতীয় সংস্কৃতির ঐতিহ্য ধরে রেখেছে। রামকৃষ্ণ মিশন এই রাজ্যের ভবিষ্যৎ প্রজন্মকে মানবিক মূল্যবোধ সম্পন্ন মানুষ হিসেবে গড়ে তোলার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরো বলেন, রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠানটি জনগণের মধ্যে সহজাত সংহতির বোধ বিকাশের পাশাপাশি ত্রিপুরার জনজাতি এবং অন্যান্য জনগণকে ঐক্যবদ্ধ রাখতে সক্রিয় ভূমিকা পালন করছে। বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী শুভকারানন্দ মহারাজ বলেন, ২০২৬ সালে রামকৃষ্ণ বিদ্যালয়ে বিদেশী ভাষার কোর্স চালু করা হবে।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**FTA :**

ভারত ও নিউজিল্যান্ড ঐতিহাসিক, উচ্চাকাঙ্ক্ষী এবং পারস্পরিকভাবে উপকারী মুক্ত বাণিজ্য চুক্তি স্বাক্ষর করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী ক্রিস্টোফার লুক্সন আজ এই ঘোষণা করেছেন। প্রধানমন্ত্রী মোদী আজ শ্রী লুক্সনের সঙ্গে টেলিফোনে কথা বলেছেন।উভয় প্রধানমন্ত্রী আগামী পাঁচ বছরে দ্বিপাক্ষিক বাণিজ্য দ্বিগুণ করার পাশাপাশি আগামী ১৫ বছরে নিউজিল্যান্ড থেকে ভারতে ২০ বিলিয়ন ডলার বিনিয়োগের বিষয়ে আত্মবিশ্বাস ব্যক্ত করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত ও নিউজিল্যান্ডের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি আগামী পাঁচ বছরে দ্বিপাক্ষিক বাণিজ্য দ্বিগুণ করার জন্য ভিত্তি তৈরি করেছে।

শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, এই চুক্তি কৃষক, উদ্যোক্তা, শিক্ষার্থী, মহিলা এবং উদ্ভাবকদের জন্য সুযোগ নিয়ে আসবে। তিনি বলেন ভারত ও নিউজিল্যান্ড আজ যে ঐতিহাসিক মুক্ত বাণিজ্য চুক্তি আলোচনার

সফল সমাপ্তির ঘোষণা দিয়েছে, সেটি ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সঙ্গে ভারতের সম্পৃক্ততার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ও কৌশলগত মাইলফলক।

****************************

**Vice President :**

উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ আজ বলেছেন যে দেশ ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত হওয়ার উচ্চাভিলাষী লক্ষ্যের দিকে এগিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে, এই দৃষ্টিভঙ্গিকে বাস্তবে রূপান্তরিত করতে সরকারি কর্মচারীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। নতুনদিল্লিতে ২০২৩ এবং ২০২৪ ব্যাচের ভারতীয় প্রতিরক্ষা হিসাব পরিষেবা আইডিএএস-এর অফিসার প্রশিক্ষণার্থীদের সঙ্গে মতবিনিময়কালে, উপ-রাষ্ট্রপতি সততা, স্বচ্ছতা, সতর্কতা এবং জবাবদিহিতার সর্বোচ্চ মান বজায় রাখার প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি উল্লেখ করেন যে তরুণ আধিকারিকদের তারুণ্যের শক্তি এবং উদ্ভাবনী চিন্তাভাবনা জাতি গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং অফিসার প্রশিক্ষণার্থীদের সেবা ভাব এবং কর্তব্য বোধকে তাদের পথপ্রদর্শক মন্ত্র হিসেবে গ্রহণ করার আহ্বান জানান তিনি।

*******************************

**Package Story-Pre-Kisan Day :**

দেশের পঞ্চম প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিংয়ের জন্মদিন আগামীকাল ২৩শে ডিসেম্বর। এই দিনটি জাতীয় কৃষক দিবস হিসেবে পালন করা হয়। যা দেশের অন্নদাতাদের কুর্নিশ জানানোর দিন। প্রাচীনকাল থেকেই এ দেশের প্রকৃতি ও কৃষি কৌশল শস্য শ্যামলা করে রেখেছে দেশের বড়ো অংশকে। দিনে দিনে রাসায়নিক সার ব্যবহারের প্রবণতা ও কীট নাশকের প্রভাবে জমির স্বাস্থ্যে বিরূপ প্রতিক্রিয়া তৈরী করলো কঠিন চ্যালেঞ্জ। এই পরিস্থিতিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী ভাবনায় একের পর এক ইতিবাচক পদক্ষেপে খুবই তাৎপর্যবাহী হয়ে উঠছে প্রতি বছরের জাতীয় কৃষক দিবস। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC######

**************************

**Bangladesh–TJU :**

বাংলাদেশের সংবাদ মাধ্যম ও সংখ্যালঘুদের উপর হামলার তীব্র নিন্দা জানিয়েছে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন। ইউনিয়নের সদস্যরা আজ আগরতলা প্রেসক্লাবে কালো ব্যাচ ধারণ করে প্রতিবাদ কর্মসূচিতে সামিল হন।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে পশ্চিম জেলা, খোয়াই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ ত্রিপুরা জেলার কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াস।

***************************